

ঢাবিতে ৩ কর্মীকে বেধড়ক পেটাল ছাত্রলীগ নেতারা

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক
হল শাখা কর্মিটিতে আসতে রাজি না হওয়ায় নিজেদের তিন কর্মীকে মারধর করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সূর্যশেন হল শাখা ছাত্রলীগ। এ তিনজনকে হলের অতিথি কক্ষে দুই ঘণ্টা ধরে পোমার রঙ ও হকিষ্টিক প্রতৃতি দিয়ে আঘাত করা হয়। মঙ্গলবার রাত সাড়ে ১০টা থেকে সাড়ে ১২টায় হল শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আরেফিন সিদ্দিক সূজনের নেতৃত্বে এ ঘটনা ঘটে।

ওপরের আহত দু'জনকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। তারা হলেন ইসলাম শিকা বিভাগের ছাত্র জাহিদুল ইসলাম এবং ইসলামের ইতিহাস বিভাগের মোতাক্কির রহমান। জাহিদের দুই পায়ে ১৯টি চ্যাকচার এবং মোতাক্কির পরীরের বিভিন্ন অংশ জবম হয়েছে বলে জানিয়েছেন কর্তব্যরত চিকিৎসক।

অন্যজন বাংলা বিভাগের জামাল উদ্দীনকে শাহবাগ বানায় সোপর্দ করে ছাত্রলীগ। প্রত্যক্ষদর্শীরা জানায়, হলের ৬৪৬নং কক্ষ থেকে ছাত্রলীগের কর্মীরা প্রথমে জাহিদকে ধরে অতিথি কক্ষে নিয়ে যায়। পরে অন্য দু'জনকেও ধরে আনা হয়। ঢাবির ভারপ্রাপ্ত প্রক্টর এএম আমজাদ বলেন, 'আমি ওনেছি। প্রভোষ্টিকে জানাচ্ছি।'

এ বিষয়ে ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি এইচএম বদিউজ্জামান মোহাম্মদের অনুসারী আরেফিন সিদ্দিক সূজন সমকালকে বলেন, 'তারা ছাত্রলীগ করত না, শিবির করত।'